গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়
# লালমনিরহাট সরকারি উচ্চ বিদ্যালয়
লালমনিরহাট।
মোবাইল নম্বর: ০১৩০৯১২২৯০১, টেলিফোন নম্বর: ০২৫৮-৯৯৮৬৬০১, ইআইআইএন: ১২২৯০১, বিদ্যালয় কোড: ৭২৫০, www.lgbhs.edu.bd, e-mail: lalgovschool@yahoo.com

স্মারক নং-লাল/সউবি/২০২৪/১০১ তারিখ: ০৮/০৬/২০২৪ খ্রি.

## "গাছ ও পরিত্যক্ত সেমিপাকা ভবন বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, লালমনিরহাট সরকারি উচ্চ বিদ্যালয়, লালমনিরহাট এর একটি ০৬ তলা বিশিষ্ট একাডেমিক ভবন নির্মাণের জন্য প্রস্তাবিত স্থানে ছোট বড় ১০টি ফলজ ও বনজ গাছ ও একটি পরিত্যক্ত সেমিপাকা ভবন আগামী ১০/০৬/২০২৪ খ্রি. রোজ সোমবার সকাল ১১.০০ ঘটিকায় অত্র প্রতিষ্ঠান প্রাঙ্গনে প্রকাশ্যে নিলাম বিক্রয় করা হবে। বিজ্ঞপ্তির শর্ত মোতাবেক প্রকৃত কাঠ ব্যবসায়ী/বাঁশ ব্যবসায়ী/বৈধ 'স' মিলের মালিক/ বৈধ ফার্নিচার মার্ট মালিক/উপকারভোগী গ্রুপ/ব্যবহারকারীদের ও পুরাতন নির্মাণ সামগ্রী ক্রয়কারীদের উক্ত তারিখে নির্ধারিত সময়ে উপস্থিত থেকে নিলামে অংশ গ্রহণ করার জন্য আহবান করা যাচ্ছে। নিলামের শর্তাবলী ও অন্যান্য জ্ঞাতব্য বিষয় অফিস চলাকালীন(সরকারি ছুটির দিন ব্যতীত) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে নোটিশ বোর্ড/ওয়েব সাইট হতে জানা যাবে। তবে অনিবার্য কারণবশতঃ উক্ত কার্যক্রমের তারিখ পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা নিম্নস্বাক্ষরকারী সংরক্ষণ করেন।

### শর্তাবলীঃ

০১। প্রকৃত কাঠ ব্যবসায়ী/ বাঁশ ব্যবসায়ী/বৈধ 'স' মিলের মালিক/বৈধ ফার্নিচার মার্ট মালিক/উপকারভোগী গ্রুপ/ব্যবহারকারী/ও পুরাতন নির্মাণ সামগ্রী ক্রয়কারীরা প্রকাশ্যে নিলামে অংশগ্রহণ করতে পারবে।

০২। নিলামে অংশ গ্রহণের আবেদন দাখিলের পূর্বে অবশ্যই ১০টি গাছ ও পুরাতন সেমিপাকা ভবনটি সরেজমিনে দেখে নিবেন। নিলাম কার্যক্রমে অংশগ্রহণের পর প্রত্যাহার করা যাবে না। প্রত্যাহার করলে অথবা নিলাম গৃহিত হওয়ার পর সংশ্লিষ্ট পুরাতন সেমিপাকা ভবনের যে কোন ক্ষতিগ্রস্থ অংশ ও লটের গাছ মরা, পঁচা, ঢোড়, বা অন্য কোন ওজর আপত্তি উত্থাপনপূর্বক লটের মূল্য পরিশোধ পত্র গ্রহণ করতে অস্বীকৃতি জানালে জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে এবং সরকারি কোষাগারে চালানের মাধ্যমে জমা করা হবে। কোন প্রকার আপত্তি গ্রহণ করা হবে না।

০৩। পুরাতন সেমিপাকা ভবন ও ১০টি গাছের জন্য লটের জামানত বাবদ নগদ ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক বরাবর জমা দিয়ে নিলামে অংশগ্রহণ করতে হবে।

০৪। কার্যাদেশ দেয়ার পূর্বে গ্রহণযোগ্য দরদাতাকে লটের সমুদয় টাকা এককালীন পরিশোধ করতে হবে। কোন প্রকার আংশিক মূল্য গ্রহণ করা হবে না।

০৫। সফল করদাতার জামানতের টাকা কোন অবস্থাতেই নিলামের ডাককৃত মূল্যের সহিত সমন্বয় করা হবে না।

০৬। গ্রহণযোগ্য দরদাতাকে নিলামে সর্বোচ্চ উদ্ধৃত মূল্যের অতিরিক্ত ৫% আয়কর ও ১৫% ভ্যাটসহ অথবা হাল-নাগাদ হারে আয়কর ও ভ্যাট কার্যাদেশের পূর্বে এককালীন পরিশোধ করতে হবে।

০৭। ক্রেতাকে পরিত্যক্ত সেমিপাকা ভবনটি ভাঙ্গা ও অপসারণ এবং গাছ কাটবার অনুমতি প্রদানের সাথে সাথে কাজ শুরু করে ০৭(সাত) দিনের মধ্যে সম্পন্ন করতে হবে।

০৮। প্রধান শিক্ষক, লালমনিরহাট সরকারি উচ্চ বিদ্যালয়, লালমনিরহাট এর অনুমতি ব্যতিরেকে লটক্রেতা তার পক্ষে কাজ পরিচালনার জন্য প্রতিনিধি নিযুক্ত করতে পারবেন না। লটক্রেতাকে তার প্রতিনিধি ও দিন মজুরদের পূর্ণ বিবরণ নিরাপত্তা কর্মকর্তার নিকট দাখিল করে লটের কাজ করার জন্য অনুমতি নিতে হবে। তার নিযুক্ত প্রতিনিধি অথবা দিন মজুরগণ যদি কোন বে-আইনী কাজ করেন তজ্জন্য লটক্রেতা সম্পূর্ণ ভাবে দায়ী থাকেন।

০৯। লট হতে পুরাতন সেমিপাকা ভবনের মালামাল ও কাঠ বাহির করে/সকল উৎসের বনজদ্রব্য গন্তব্য স্থানে নেয়ার জন্য নিলাম প্রাপ্ত ক্রেতাগণ কাঠের পরিমাণ উল্লেখ করে বনজদ্রব্য পরিবহন (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১১ অনুসারে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে চলাচল পাশ (টি.পি) জন্য অত্র প্রতিষ্ঠানের নিরাপত্তা কর্মকর্তার মাধ্যমে অধ্যক্ষের নিকট আবেদন করবেন এবং শুধুমাত্র টি.পি গ্রহণ করে বনজদ্রব্য স্থানান্তর করতে পারবেন। অন্যথায় ক্রেতার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

১০। লটক্রেতাকে যথেষ্ট সতর্কতার সাথে লটের ভবন ভাঙ্গা ও অপসারণ এবং গাছ কাটার কাজ সম্পন্ন করতে হবে। যদি অসতর্কতার দরুন পুরাতন সেমিপাকা ভবন এবং মার্কাকৃত গাছ কাটার সময় চারপাশের গাছ/ঘর-বাড়ি ক্ষতিগ্রস্থ/বিনষ্ট হয় তা হলে বিনষ্ট গাছের ও ঘর-বাড়ীর মূল্য বাজার দরের দেড়গুণ হারে ক্রেতার নিকট হতে আদায় করা হবে। গাছ কাটার সময় যানবাহন, বৈদ্যুতিক তার, মাটির উপরে ও নীচে টেলিফোনের তার ও সড়কের কোন ক্ষতি সাধিত হলে সংশ্লিষ্ট লট ক্রেতা দায়ী থাকবেন এবং ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবেন। অন্যথায় জামানতের টাকা হতে ক্ষতিপূরণের টাকা কর্তন পূর্বক আদায় করা হবে।

১১। লট হতে পুরাতন সেমিপাকা ভবন মালামাল ও ১০টি গাছ পরিবহন করার সময় অত্র প্রতিষ্ঠানের নিরাপত্তা কর্মকর্তার ক্লিয়ারেন্স সাপেক্ষে পরিবহনের কাজ সম্পন্ন করবেন। ১০টি গাছ বৈধতা পরীক্ষা করার জন্য নিরাপত্তা কর্মকর্তা/কর্মচারী পরিবহনকারী যানবাহন থামিয়ে চেক করতে পারবেন। এতে ক্রেতার কোন প্রকার ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১২। লটের পুরাতন সেমিপাকা ভবনের মালামাল ও গাছ কর্তনের পর গাছের লগ ও ডাল-পালা ফেলে প্রতিবন্ধকতা সৃষ্টি করা যাবে না। পুরাতন ভবনের ভাঙ্গা অংশ ও গাছ কাটার সাথে সাথে বিধি মোতাবেক নিজ খরচে তা অপসারণ করতে হবে।

১৩। পুরাতন সেমিপাকা ভবনের মালামাল দিয়ে নতুন কোন ভবনের নির্মাণ কাজে ব্যবহার করা যাবে না। ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) (সংশোধন) আইন ২০১৩ অনুযায়ী ইট ভাটায় ইট পোড়ানো কাজে জ্বালানী হিসেবে কাঠ/জ্বালানী কাঠ ব্যবহার করতে পারবেন না। সুতরাং কাঠ/জ্বালানী কাটা (বনজদ্রব্য) খরিদকারী ব্যক্তিগণ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে এ আইন ভঙ্গ করলে বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করা হবে।

১৪। পুরাতন ভবন ভাঙ্গা ও অপসারন এবং গাছ কাটা কার্যক্রম শুধুমাত্র সূর্যোদয় হতে সূর্যাস্ত পর্যন্ত। রাত্রিকালীন সময়ে কোন প্রকার পরিত্যক্ত ভবনের মালামাল এবং গাছ কর্তন বা বনজদ্রব্য লট হতে স্থানান্তর করা যাবে না।

১৫। নিলাম নোটিশ জারীর এবং লটের মূল্য পরিশোধ সংক্রান্ত পত্রে তা নিলাম আহ্বানকরী কর্মকর্তা সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৬। লটের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর যে সমস্ত পুরাতন ভবনের মালামাল এবং গাছ বা বনজদ্রব্য কাটা বা পতিত অবস্থায় লটের ভিতর থাকবে তা সরকারি সম্পদ হিসেবে গণ্য হবে।

১৭। কৃতকার্য দরদাতা নির্দিষ্ট সময়ের মধ্যে লটের টাকা পরিশোধ করতে ব্যর্থ হলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিম্নস্বাক্ষরকারী/কমিটি কর্তৃক পুনরায় নিলামের মাধ্যমে বিক্রয় করতে পাবেন। পুনঃ বিক্রয়ের পরিপ্রেক্ষিতে সরকারের আর্থিক ক্ষতি হলে ১ম বারের লট ক্রেতার জামানতের অর্থ হতে উক্ত ক্ষতির অর্থ কর্তন করা হবে। যদি ক্ষতির পরিমাণ জামানতের টাকার অধিক হয়, তবে বাদ-বাকী টাকা লট ক্রেতা প্রধান শিক্ষক, লালমনিরহাট সরকারি উচ্চ বিদ্যালয়, লালমনিরহাট বরাবরে জমা দিতে বাধ্য থাকবেন। অন্যথায় লটক্রেতার নিকট "পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট" ১৯১৩ অনুযায়ী সার্টিফিকেট মোকদ্দমা দায়ের করে আদায় করা হবে।

১৮। লটক্রেতা কার্য সমাপ্তির ৭(সাত) দিনের মধ্যে প্রধান শিক্ষক, লালমনিরহাট সরকারি উচ্চ বিদ্যালয়, লালমনিরহাট এর বরাবরে কার্য সমাপ্তি প্রতিবেদন(Completion Report) দাখিল করবেন। প্রতিষ্ঠানের নিরাপত্তা কর্মকর্তা উক্ত কার্য সমাপ্তি প্রতিবেদন পাওয়ার পর লটক্রেতা বা প্রতিনিধির উপস্থিতিতে লট সরেজমিনে পরিদর্শন করতঃ লটের বিক্রয় তালিকা বহির্ভূত ক্রমিক নম্বর বিহীন কোন পরিত্যক্ত ভবন এবং গাছ কর্তন করা হয়েছে কি না, হয়ে থাকলে এরূপ ভবন ও গাছের বিবরণ, গাছ হতে প্রাপ্ত বনজদ্রব্যের আনুমানিক পরিমাণসহ অন্যান্য বিবরণ লিপিবদ্ধ করতঃ কার্য সমাপ্তি প্রতিবেদন সংশ্লিষ্ট নিরাপত্তা কর্মকর্তার মাধমে প্রধান শিক্ষকের নিকট দাখিল করতে হবে। কার্য সমাপ্তি রিপোর্ট দাখিল না করা পর্যন্ত জামানতের টাকা অবমুক্ত করা হবে না।

১৯। কোন লটক্রেতা কোন অবস্থাতেই পুরাতন সেমিপাকা ভবন এবং মার্কা বিহীন অথবা বিক্রয় তালিকা বহির্ভূত গাছ কর্তন করতে পারবে না। উক্ত শর্তাবলী ভঙ্গকারী লটক্রেতার নিকট হতে নিলাম আহবানকারী কর্মকর্তা সেমিপাকা ভবন এবং কর্তিত গাছের বাজার মূল্যের ০৫(পাঁচ) গুন অর্থ ক্ষতিপূরণ হিসেবে আদায় করতে পারবেন।

২০। নিলাম কার্যক্রমের দিন হতে লট এর পুরাতন সেমিপাকা ভবন এবং বনজদ্রব্য রক্ষণা-বেক্ষণ ও বিক্রিত বনজদ্রব্য হেফাজতের পূর্ণ দায়-দায়িত্ব নির্ধারিত লটক্রেতার উপর ন্যস্ত থাকবে। যদি কোন দৈব্য-দুর্বিপাকে, ঝড়-তুফানে, বন্যায় বা আগুনে পুড়ে, চুরি হয়ে যায় ইত্যাদি সংক্রান্ত কারণে কোন লটের বনজদ্রব্যের কোন ক্ষতি হয় তার জন্য সরকারকে বা নিম্নস্বাক্ষরকারীকে দায়ী করা যাবে না ।

২১। নিলাম নোটিশের শর্ত হিসাবে যা উল্লেখ থাকুন না কেন গ্রহণযোগ্য দরদাতাকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রচলিত আইন-কানুন এবং পরবর্তীতে আরোপিত যে কোন কর/লেভী এর আওতাভুক্ত থাকবে।

২২। যদি কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান নিলাম কার্যক্রমের সময় অফিস প্রাঙ্গনে বিশৃঙ্খলা, গোলযোগ, উত্তেজনা, ত্রাস সৃষ্টির অপপ্রয়াস চালান বা ভয়-ভীতি প্রদর্শনের মাধ্যমে অন্যদেরকে কার্যক্রমে বাঁধা প্রদান করেন, তবে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। তাকে উক্ত কার্যক্রমে অংশগ্রহণ করতে দেয়া হবে না।

২৩। নিলাম কমিটি কোন কারণ দর্শানো ব্যতিরেকেই নিলাম কার্যক্রম স্থগিত, পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। এ ব্যাপারে নিলাম কমিটি কারো নিকট কারণ দর্শাইতে বাধ্য নহে।

২৪। নিলাম সম্পর্কে উদ্ভূত কোন সমস্যার বিষয়ে স্থানীয় কনডেমনেশন কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোছাঃ শাহানা আখতার খাতুন)
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
লালমনিরহাট সরকারি উচ্চ বিদ্যালয়
লালমনিরহাট।

স্মারক নং-লাল/সউবি/২০২৪/১০১ তারিখঃ ০৮/০৬/২০২৪ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২। জেলা প্রশাসক ও সভাপতি, স্থানীয় কনডেমনেশন কমিটি, লালমনিরহাট।
৩। বিভাগীন বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, রংপুর।
৪। উপজেলা নির্বাহী অফিসার, লালমনিরহাট।
৫। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, লালমনিরহাট।
৬। সহকারী প্রকৌশল, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, লালমনিরহাট এবং নির্বাহীর প্রকৌশলীর মনোনীত প্রতিনিধি।
৭। সহকারী বন সংরক্ষক, সামাজিক বনায়ন জোন, কুড়িগ্রাম।
৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, লালমনিরহাট ও বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ রংপুর এর মনোনীত প্রতিনিধি।
৯। পুরাতন নির্মাণ সামগ্রী ক্রয়কারী/কাঠ ব্যবসায়ী/বাঁশ ব্যবসায়ী/বৈধ 'স' মিলের মালিক/বৈধ ফার্নিচার মার্ট মালিক/উপকারভোগী গ্রুপ।
১০। নোটিশ বোর্ড, অত্র প্রতিষ্ঠান।
১১। সংরক্ষণ নথি।

(মোছাঃ শাহানা আখতার খাতুন)
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
লালমনিরহাট সরকারি উচ্চ বিদ্যালয়
লালমনিরহাট।